জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে দেশজুড়ে শোভাযাত্রা করবে বিএনপি



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে সাত দিনের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। কর্মসূচির অংশ হিসেবে শনিবার (৭ নভেম্বর) রাজধানীসহ সারা দেশে শোভাযাত্রা করবে দলটি।

শুক্রবার (৬ নভেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে এসব কর্মসূচি ঘোষণা করেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী, শনিবার রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে শোভাযাত্রা শুরু হবে। এতে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শোভাযাত্রাটি নয়াপল্টন থেকে শুরু হয়ে মানিক মিয়া অ্যাভিনিউয়ে গিয়ে শেষ হবে।

বিস্তারিত আসছে...

LENS ASIA